

শিক্ষা মন্ত্রীর দপ্তর  
ঢাকা ২৮ মার্চ ২০২১

শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে কাজ করছে সরকার।  
শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন সরকার শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে কাজ করছে। এ লক্ষ্যে কারিকুলাম পরিবর্তনের কাজ চলমান রয়েছে।  
জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের ভিত্তিতে কারিকুলাম প্রণয়ন করা হচ্ছে।  
শিক্ষামন্ত্রী আজ ইডেন কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। ইডেন কলেজের অধ্যক্ষ সুপ্রিয়া ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ আবু বকর ছিদ্দীক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ডাইরেক্টর মোঃ শাহেদুল খবির প্রমুখ।

মন্ত্রী মাতৃভাষা ও মাতৃভূমিকে মাযের মত ভালবাসার জন্য শিক্ষক শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮

